

প্রতি,

তারিখ: মে 9, 2022

সভাপতি / সম্পাদক

বিষয়: কর্মক্ষেত্রে যৌন হেনস্থা ও জুট শিল্পে নারী শ্রমিকের অধিকার

সুধী,

নারীকর্মীর সুরক্ষা এবং যৌন হেনস্থার প্রতিরোধ বরাবরই একটি গুরুত্বপূর্ণ বিষয়। কর্মক্ষেত্রে যৌন হেনস্থা লঙ্ঘন করে নারীর মানবাধিকার, লিঙ্গসাম্য, জীবিকার অধিকার ও মর্যাদার সাথে বাঁচার অধিকার। 1997 সালে ভারতবর্ষে সুপ্রীম কোর্ট ঐতিহাসিক বিশাখা রায় দেন ও জারি হয় কর্মক্ষেত্রে যৌন হেনস্থা প্রতিরোধ ও প্রতিকার সংক্রান্ত নির্দেশাবলী। এই রায়ের 16 বছর পর, পাশ হয় কর্মক্ষেত্রে নারীকর্মীদের যৌন হেনস্থা (নিবারণ, প্রতিরোধ ও প্রতিকার) আইন, 2013।

কর্মক্ষেত্রে যৌন হেনস্থার পরিপ্রেক্ষিতে দু'দশকেরও বেশি সময় ধরে নারীকর্মীর অধিকার ও সুরক্ষা নিয়ে কাজ করে চলেছে সংহিতা।

2019-2020 সালে নাগরিক মঞ্চের সাথে যৌথ উদ্যোগে সংহিতা পশ্চিমবঙ্গের কয়েকটি জুট মিলে একটি সমীক্ষা চালায়। এই সমীক্ষার উদ্দেশ্য ছিল জুট মিলগুলিতে কর্মক্ষেত্রে যৌন হেনস্থা সংক্রান্ত আইনটি কতটা বাস্তবায়িত হয়েছে ও নারী শ্রমিকদের সামগ্রিক অবস্থান কী তা বোঝা এবং এ বিষয়ে জুট মিলের নারী শ্রমিক, ইউনিয়ন ও ফেডারেশনের প্রতিনিধিদের কী অভিজ্ঞতা ও মতামত তা জানা।

জুট মিলগুলিতে যৌন হেনস্থা মুক্ত কাজের পরিবেশ গড়ে তোলার ক্ষেত্রে আপনাদের সহযোগিতা, মতামত ও ভূমিকা অত্যন্ত জরুরী।

এ বিষয়ে আগামী 4ঠা জুন (শনিবার), 2022 নাগরিক মঞ্চ ও সংহিতা যৌথভাবে একটি আলোচনা সভার আয়োজন করেছে।

এই আলোচনা সভায় আপনার উপস্থিতি ও সক্রিয় অংশগ্রহণ একান্ত কাম্য।

আলোচনা সভার সূচী

তারিখ: জুন 4 (শনিবার), 2022 | সময়: দুপুর 3 টে থেকে বিকেল 5:30

স্থান: একাডেমি অফ ফাইন আর্টসের কনফারেন্স হল, 2, ক্যাথিড্রাল রোড, ময়দান, কলকাতা 700 020

ধন্যবাদ সহ,



নব দত্ত

(সম্পাদক, নাগরিক মঞ্চ)

Soma Sen Gupta

সোমা সেন গুপ্তা

(ডিরেক্টর, সংহিতা)



134, Raja Rajendralal Mitra Road
Block - B, Room No - 7, First Floor, Kolkata - 85
E-mail - nagarikmancha@gmail.com



89B, Raja Basanta Ray Road
Kolkata - 700 029
E-mail - sanhita.calcutta@gmail.com